

বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক চালুকৃত Fast Track Service(FTS)
বিষয়ক প্রতিবেদন

বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(Handwritten signature)

বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক চালকৃত Fast Track Service(FTS)

ভূমিকা

গত ৮ সেপ্টেম্বর ২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের চলতি ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণীর আওতায় কর্মসম্পাদন সূচক ১.৩.২ এর বিপরীতে একটি সেবা প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক চালকৃত Fast Track Service এর উপর বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ একটি প্রতিবেদন করে।

উদ্দেশ্য

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ দেশব্যাপী সকল প্রকার বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ড নিয়ন্ত্রণে ভূমিকা পালন করে। বা প শ নি আইন-২০১২ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী বিকিরণ উৎস ও বিকিরণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে প্রবেশ এবং দেশ হতে বহির্গমন এর জন্য আমদানী/রপ্তানী লাইসেন্স সহ আমদানী/রপ্তানী পারমিট এবং NOC প্রদান করা এই নিয়ন্ত্রণমূলক কর্মকান্ডের একটি অন্যতম অংশ। উক্ত কর্মকান্ড সম্পাদনের ক্ষেত্রে পারমিটের আবেদনের সাথে বিধি অনুযায়ী প্রদত্ত সকল প্রকার technical documents মূল্যায়নপূর্বক পারমিট ইস্যু প্রক্রিয়া সম্পন্ন করতে প্রয়োজনীয় সময়সীমা কমিয়ে আনা তথা পারমিট প্রদান প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক একটি Fast Track Service(FTS) চালু করা হয়েছে। Service টি গত ২৫/০৮/২০১৩ খ্রি. তারিখে বিভাগীয় সভায় বিভাগীয় প্রধানের সিদ্ধান্তক্রমে চালু হয়।

কার্যক্রম


উপর্যুক্ত Fast Track Service(FTS) এর আওতায় প্রতিটি পারমিট সংক্রান্ত আবেদনপত্র সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনের পূর্বে আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল Technical Documents একজন বিজ্ঞানী/প্রকৌশলী কর্তৃক প্রাথমিক ভাবে যাচাই করা হয় এবং আবেদনপত্রে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্যের কোন ঘাটতি আছে কি না তা নির্ধারণ করা হয়। যদি আবেদনপত্রে কোন ঘাটতি থাকে তবে তা তৎক্ষণাত্ সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করা হয় যাতে দ্রুত এই বিষয়ে পদক্ষেপ নেওয়া সম্ভব হয়। পরবর্তীতে উল্লিখিত ঘাটতি পূরণপূর্বক পূর্ণাঙ্গ আবেদনপত্রটি গৃহীত হয় এবং পারমিট প্রদান কার্যক্রম শুরু করা হয়।


উল্লেখ করা প্রযোজন, ইতিপূর্বে এই Fast Track Service(FTS) টি না থাকায় আবেদনপত্রসমূহ নথির মাধ্যমে উপস্থাপনের পর সংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা মূল্যায়িত হতো। পরবর্তীতে যে কোন ঘাটতি থাকলে তা চিঠি মারফত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করা হতো। এই প্রক্রিয়াটি ছিল সময় সাপেক্ষ। বর্তমানে Fast Track


Service টি চালু হওয়ায় পারমিট প্রদান প্রক্রিয়াটি সহজীকরণের মাধ্যমে প্রতিটি পারমিট ইস্যুর জন্য প্রয়োজনীয় সময়সীমা পূর্বের ৪ থেকে ৬ সপ্তাহের স্থলে বর্তমানে গড়ে ২ থেকে ৩ সপ্তাহের মধ্যে কমিয়ে আনা সম্ভব হয়েছে।

উপসংহার

বর্তমানে Fast Track Service(FTS) টি সফলভাবে চলমান রয়েছে যার মাধ্যমে বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের সেবা প্রদান কার্যক্রম আরো গতিশীলতা পেয়েছে।


17.09.15
(সোমা শীল)
উঃ বৈঃ কঃ,
বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ


17/09/15
(ড. মেহেরুন নাহার)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা,
বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ


17/09/15
(ড. মোঃ মোফাজ্জল হায়দার)
প্রধান
বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ

